

স্মারক নং- ১২.০২.০০০০.০২৩.১৬.০০৩.১২- ৮৮-

তারিখ: ২২-০২-২০১৫ খ্রি:


বিষয়ঃ হিমাগারে আলু সংরক্ষণসহ অন্যান্য সুবিধা ক্ষুদ্র ও প্রাণিক কৃষককে প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আলু বাংলাদেশে উৎপাদিত কৃষিপণ্যের মধ্যে একটি অন্যতম প্রধান ফসল। দেশে প্রতি বছর প্রায় ৮০-৯০ লক্ষ মেট্রিক টন আলু উৎপাদিত হয় এবং সংরক্ষণের মাধ্যমে সারা বছরই ব্যবহৃত হয়ে থাকে। আলু খাদ্য হিসাবে ব্যবহারের পাশাপাশি শিল্প ক্ষেত্রেও ব্যপক হারে ব্যবহৃত হচ্ছে এবং যার পরিমান উভয়ের বৃদ্ধি পাচ্ছে। সমগ্র দেশে বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত ৩৭৩টি হিমাগারের মাধ্যমে উৎপাদিত এ সকল আলু সংরক্ষণে বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন গুরুত্বপূর্ণ অবদান রাখাসহ জাতীয় অর্থনীতি বিকাশে সহযোগিতা করে আসছে। শিল্প ক্ষেত্রে কাঁচামাল হিসাবে আলুর বহুবৈচিত্র ব্যবহার ও রপ্তানী বৃদ্ধির কারণে দেশে আলুর উৎপাদন উভয়ের বৃদ্ধি পাচ্ছে এবং বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত এ সকল হিমাগারে হিমাগার মালিক, ব্যবসায়ী ও কৃষকগণ আলু সংরক্ষণ করে এই কৃষিপণ্যের যথাযথ ব্যবহার নিশ্চিত করছেন। ব্যবসায়ী ও কৃষকগণ নির্ধারিত ভাড়ার মাধ্যমে হিমাগারে আলু সংরক্ষণের সুযোগ পান। তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলো হিমাগারে আলু সংরক্ষণের বিপরীতে প্রচলিত বাজার মূল্য অনুপাতে খণ্ড প্রদান করে থাকে যা আলু উৎপাদন, বিপণন ও সংরক্ষণসহ বিদেশে রপ্তানীতে গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করছে।

২। কৃষিপণ্যের বাজারদর সংগ্রহ ও প্রচারণা এবং পণ্যের আগাম মূল্য পরিস্থিতি সম্পর্কে খারণা দেয়া, সার্বিক বিপণন পরিস্থিতি মনিটরিং ও কৃষিপণ্য বিপণনে অন্যান্য ও পশ্চাত প্রয়োজনীয় লিংকেজ স্থাপন করা অত্র অধিদপ্তরের মূল দায়িত্ব ও কর্তব্য। সেই ধারাবাহিকতায় আলুর উৎপাদন মৌসুমে ক্ষুদ্র ও প্রাণিক কৃষকগণকে হিমাগারে আলু সংরক্ষণ ও সংরক্ষিত আলুর বিপরীতে ব্যাংক খণ্ড প্রাপ্তিতে সহায়তা প্রদান এবং হিমাগার মালিকের সাথে সংযোগ স্থাপনে সহায়তা কৃষি বিপণন অধিদপ্তরের অবশ্যকরণীয়।

৩। আগামী মার্চ/১৫ হতে দেশের সকল হিমাগারে আলু সংগ্রহ ও সংরক্ষণ কার্যক্রম শুরু হবে। প্রায় প্রতি বছরই মাঠ পর্যায় থেকে এমন অভিযোগ উত্থাপিত হয় যে, ক্ষুদ্র ও প্রাণিক কৃষকগণ হিমাগারসমূহে ব্যবসায়ী ও বড় কৃষকের পাশাপাশি আলু সংরক্ষণ ও খণ্ড প্রাপ্তির ক্ষেত্রে আনুপাতিক হারে সুযোগ সুবিধা পান না। সে ক্ষেত্রে কৃষকরা দারুণ বিপাকে পড়ে এবং মৌসুমের শুরুতেই স্বল্প মূল্যে আলু বিক্রি করতে বাধ্য হয় এবং সে কারণে তারা ন্যায্যমূল্য প্রাপ্তি থেকে বঞ্চিত হয়।

৪। আলু সংরক্ষণ, বিপণন ও রপ্তানী বৃদ্ধিসহ অন্যান্য ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার ক্ষেত্রে কৃষি বিপণন অধিদপ্তর তার ম্যানেজ অনুযায়ী বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন এর সঙ্গে একিভূতভাবে কাজ করতে আগ্রহী। এ প্রেক্ষিতে হিমাগারসমূহে বৃহৎ কৃষক/ব্যবসায়ীদের পাশাপাশি ক্ষুদ্র ও প্রাণিক কৃষকেরা যাতে আনুপাতিকহারে আলু সংরক্ষণ ও ব্যাংক খণ্ড প্রাপ্তির ক্ষেত্রে সমান সুযোগ পায় সে বিষয়ে বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশনের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্তরূপ সহযোগিতা অব্যাহত থাকলে আলু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থায় আমূল পরিবর্তন সাধিত হবে এবং কৃষক ও ব্যবসায়ীগণসহ সংশ্লিষ্ট সকলেই আলু উৎপাদনে আগ্রহী রয়েন, সেই সাথে আলুর প্রকৃত মূল্য নিশ্চিতসহ কৃষক বান্ধব বিপণন ব্যবস্থা প্রচলনে সহায়ক হবে।


(মোঃ মাহবুব আহমেদ)

যুগ্ম সচিব

ও

পরিচালক

ফোনঃ ৯১১৪৩১০

E-mail: director@dam.gov.bd

মেজর মোঃ জসিম উদ্দিন (অবঃ)

সভাপতি

বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন
৩৮, পুরানা পল্টন, ঢাকা- ১০০০।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।